গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..... ৩

প্রস্তাবনা ..... ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ..... ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ..... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..... ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ..... ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ..... ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..... ১৪

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশে একটি দক্ষ, স্বচ্ছ, প্রতিযোগিতামূলক এবং সমৃদ্ধ পুঁজিবাজার গঠনে প্রয়োজনীয় পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির জন্য বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট স্থাপন করা হয়েছে। ইন্সটিটিউট সরকারের ‘ডিজিটাল বাংলাদেশ’, ‘রূপকল্প ২০২১’, ‘প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১’, ‘অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা ২০২১-২০২৫’, এবং ‘টেকসই উন্নয়ন অভীষ্ট ২০৩০’ সামনে রেখে পুঁজিবাজার বিষয়ক শিক্ষা প্রসারে তথ্যপ্রযুক্তির ব্যবহার এবং মানসম্পন্ন শিক্ষা প্রদানে সহায়ক ভূমিকা রাখছে। বিআইসিএম পুঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারী, বাজার মধ্যস্থতাকারী, পেশাজীবী এবং পুঁজিবাজার সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের দক্ষতা উন্নয়নে নিয়মিতভাবে বিভিন্ন শিক্ষা ও প্রশিক্ষণ প্রোগ্রাম পরিচালনা করছে। বিগত তিন অর্থবছরে ইন্সটিটিউট ১৩৬ টি ইনভেস্টরস এডুকেশন প্রোগ্রামের মাধ্যমে বিনামূল্যে ৪০৪৩ জনকে প্রশিক্ষিত করেছে। একই সময়ে নামমাত্র ফি-তে ৫৪ টি সার্টিফিকেট ট্রেনিং প্রোগ্রামের মাধ্যমে ১৫১৯ জন পুঁজিবাজার সংশ্লিষ্ট স্টেকহোল্ডারকে প্রশিক্ষণ দিয়েছে। পুঁজিবাজারের পেশাজীবীদের জন্য এক বছর মেয়াদী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট- পিজিডিসিএম প্রোগ্রামে এই সময়ে ১৭৮ জন অধ্যয়ন করেছেন/করছেন। বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষে দুই দিন ব্যাপী 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন সাস্টেইনেবল ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট ২০২১' শীর্ষক প্রথম আন্তর্জাতিক কনফারেন্স আয়োজন করা হয়েছে। এতে যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, কোরিয়া, শ্রীলঙ্কা, বাংলাদেশ সহ পৃথিবীর বিভিন্ন দেশ থেকে ৩২ জন বক্তা অংশ নেন এবং এতে টেকসই অর্থায়ন ও বিনিয়োগের ওপর মোট ৬ টি প্রবন্ধ উপস্থাপন করা হয়।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ইন্সটিটিউটটি নতুন প্রতিষ্ঠান হওয়ায় ইপ্সিত সক্ষমতার ঘাটতি এবং দেশব্যাপী নেটওয়ার্কের অনুপস্থিতি রয়েছে। এছাড়াও, বর্তমান পুঁজিবাজার গুজব নির্ভর হওয়ায় বিনিয়োগকারীদের শিক্ষায় আগ্রহ কম। বর্তমানে কোভিড-১৯ মহামারীর প্রাদুর্ভাবের কারণে সরাসরি (face-to-face) শিক্ষা এবং প্রশিক্ষণ কার্যক্রম কিছুটা ব্যাহত হচ্ছে যা আগামীতে শিক্ষার্থী এবং প্রশিক্ষণার্থী সংখ্যায় বিরূপ প্রভাব ফেলতে পারে বলে আশংকা রয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)'র গোল ৪ (টার্গেট ৪.৪) এর আলোকে পুঁজিবাজারের প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের জন্য জুলাই ২০২১ থেকে পুঁজিবাজারের উপর স্নাতকোত্তর ডিগ্রী চালু করা হবে। এ লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এফিলিয়েশন প্রাপ্তির বিষয়টি ৩১ জানুয়ারি ২০২১ তারিখে নিশ্চিত হয়েছে। প্রোগ্রামটির মাধ্যমে যুবসমাজের পুঁজিবাজার সংক্রান্ত দক্ষতা এবং কারিগরি জ্ঞান বৃদ্ধি পাবে যা তাদের কর্মক্ষেত্রে সফল হতে সহায়ক ভূমিকা পালন করবে। এ ছাড়াও দেশের আপামর জনসাধারণের মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে বিভাগীয় শহরগুলোতে বিনিয়োগ শিক্ষা কার্যক্রম প্রসার করা হবে এবং অনলাইন শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত ভাবে চালু করা হবে। পুঁজিবাজার সংক্রান্ত জার্নাল প্রকাশ এবং গবেষণা কার্যক্রম জোরদারের মাধ্যমেও সংশ্লিষ্ট জনগোষ্ঠীর জ্ঞান বৃদ্ধি পাবে।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৫০টি ইনভেস্টরস এডুকেশন প্রোগ্রামের মাধ্যমে বিনামূল্যে সাধারণ বিনিয়োগকারীদের প্রশিক্ষণ;
- ২২টি সার্টিফিকেট কোর্সের মাধ্যমে পুঁজিবাজার সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের প্রশিক্ষণ প্রদান;
- পুঁজিবাজারের পেশাজীবী এবং এ বাজারে পেশা গড়তে আগ্রহীদের জন্য আট মাস মেয়াদী পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট (পিজিডিসিএম) প্রোগ্রামের ৩ টি ব্যাচ, এবং দুই বছর মেয়াদী মাস্টার অব এপ্লাইড ফাইন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেট (এমএএফসিএম) প্রোগ্রামের ২টি ব্যাচ শুরু করা;
- কোভিড-১৯ পরিস্থিতিতে অনলাইন কার্যক্রম পরিচালনা, এবং কোভিড-১৯ পরবর্তী সময়েও অনলাইন প্রশিক্ষণ চালু রাখা;
- নিয়মিত ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম, এবং কনফারেন্স এর আয়োজন;
- জার্নাল অব ফাইন্যান্সিয়াল মার্কেটস অ্যান্ড গভার্নেন্স এর একটি সংখ্যা প্রকাশ;

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

এবং

সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

স্বচ্ছ, দক্ষ, সমৃদ্ধ ও প্রতিযোগিতামূলক পুঁজিবাজার গঠনে বাজার সংশ্লিষ্ট সকল পক্ষকে তাত্ত্বিক ও প্রয়োগিক জ্ঞান দান।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আন্তর্জাতিক পরিমন্ডলে ব্যবহৃত সর্বশেষ উদ্ভাবিত শিক্ষণ পদ্ধতি, তথ্য প্রযুক্তির ব্যবহার এবং ইন্সটিটিউটের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে রূপকল্পের বাস্তবায়ন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. অর্থ বাজারের পেশাজীবী, প্রাতিষ্ঠানিক বিনিয়গকারী, এবং ফাইন্যান্স ও পুঁজিবাজারে পেশা গড়তে আগ্রহীদের জন্য মাস্টার অব এপ্লাইড ফাইন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেট (এমএএফসিএম) প্রোগ্রামের আয়োজন;

২. পুঁজিবাজারের পেশাজীবী এবং এ বাজারে পেশা গড়তে আগ্রহীদের জন্য পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট (পিজিডিসিএম) প্রোগ্রামের আয়োজন;

৩. ইনভেস্টরস এডুকেশন প্রোগ্রামের মাধ্যমে ক্ষুদ্র বিনিয়োগকারীদের/সম্ভাব্য বিনিয়োগকারীদের বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান;

৪. পুঁজিবাজার সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের ট্রেনিং প্রোগ্রামের/সার্টিফিকেট কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান;

৫. সমসাময়িক বিষয়ের উপর ওয়ার্কশপ, সিম্পোজিয়াম, সেমিনার, এবং কনফারেন্স আয়োজন;

৬. পুঁজিবাজারের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা এবং জার্নাল প্রকাশ

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২২-২০২৩ | ২০২৩-২০২৪ | | |
| পুঁজিবাজারে প্রশিক্ষিত বিনিয়োগকারী/জনবল বৃদ্ধির হার | পুজিবাজারে প্রশিক্ষিত বিনিয়োগকারী/জনবল বৃদ্ধির হার | % | ২৩১৪ | ২১৯১ | ৫% | ৬% | ৭% | | বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ | ৭০ | [১.১] মাস্টার অব এপ্লাইড ফাইন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেট (এমএএফসিএম) পরিচালনা | [১.১.১] চালুকৃত ব্যাচ/সেমিস্টার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২০ | ০ | ০ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | [১.২] পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট (পিজিডিসিএম) পরিচালনা | [১.২.১] চালুকৃত ব্যাচ/সেমিস্টার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১২ | ৩ | ২ | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |
| | | [১.৩] সার্টিফিকেট কোর্স আয়োজন | [১.৩.১] অনুষ্ঠিত কোর্সের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১১ | ১৮ | ১৮ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ২৪ | ২৪ |
| | | [১.৪] ইনভেস্টরস এডুকেশন প্রোগ্রাম আয়োজন | [১.৪.১] অনুষ্ঠিত প্রোগ্রামের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ১০ | ৪৯ | ৩৭ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫০ |
| | | [১.৫] ওয়ার্কশপ/ সেমিনার/ কনফারেন্স আয়োজন | [১.৫.১] অনুষ্ঠিত প্রোগ্রামের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৯ | ৫ | ৬ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ১০ | ১০ |
| | | [১.৬] জার্নাল অব ফাইন্যান্সিয়াল মার্কেটস অ্যান্ড গভার্নেন্স প্রকাশ | [১.৬.১] প্রকাশনার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৫ | ০ | ০ | ১ | | | | | ১ | ১ |
| | | [১.৭] গবেষণা পরিচালনা | [১.৭.১] গবেষণার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ০ | ৩ | ২ | ১ | | | ৪ | ৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৯-২০ | প্রকৃত অর্জন* ২০২০-২১ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | প্রক্ষেপণ ২০২৩-২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় হিসাবে নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| নির্বাহী প্রেসিডেন্ট<br>বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট | 30.06.2021<br>তারিখ |
| সিনিয়র সচিব<br>আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ৩০/৬/২০২১<br>তারিখ |

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এমএএফসিএম | মাস্টার অব এপ্লাইড ফাইন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেট |
| ২ | পিজিডিসিএম | পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট |
| ৩ | বিআইসিএম | বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] মাস্টার অব এপ্লাইড ফাইন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেট (এমএএফসিএম) পরিচালনা | [১.১.১] চালুকৃত ব্যাচ/সেমিস্টার সংখ্যা | অনুষদ বিভাগ, রেজিস্ট্রার বিভাগ, পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ | চালুকৃত ব্যাচের ভর্তি বিজ্ঞপানের কপি, ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা, ক্লাস শুরুর নোটিশ, একাডেমিক ক্যালেন্ডার |
| [১.২] পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট (পিজিডিসিএম) পরিচালনা | [১.২.১] চালুকৃত ব্যাচ/সেমিস্টার সংখ্যা | অনুষদ বিভাগ, রেজিস্ট্রার বিভাগ, পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ | চালুকৃত ব্যাচের ভর্তি বিজ্ঞপানের কপি, ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা, ক্লাস শুরুর নোটিশ, একাডেমিক ক্যালেন্ডার |
| [১.৩] সার্টিফিকেট কোর্স আয়োজন | [১.৩.১] অনুষ্ঠিত কোর্সের সংখ্যা | অনুষদ বিভাগ, রেজিস্ট্রার বিভাগ | প্রশিক্ষণার্থীদের উপস্থিতির তালিকা |
| [১.৪] ইনভেস্টরস এডুকেশন প্রোগ্রাম আয়োজন | [১.৪.১] অনুষ্ঠিত প্রোগ্রামের সংখ্যা | অনুষদ বিভাগ, রেজিস্ট্রার বিভাগ | প্রশিক্ষণার্থীদের উপস্থিতির তালিকা (নাম, মোবাইল নম্বর, ই-মেইল সহ) |
| [১.৫] ওয়ার্কশপ/ সেমিনার/ কনফারেন্স আয়োজন | [১.৫.১] অনুষ্ঠিত প্রোগ্রামের সংখ্যা | অনুষদ বিভাগ, রেজিস্ট্রার বিভাগ | অংশগ্রহণকারীদের উপস্থিতির তালিকা |
| [১.৬] জার্নাল অব ফাইন্যান্সিয়াল মার্কেটস অ্যান্ড গভার্নেন্স প্রকাশ | [১.৬.১] প্রকাশনার সংখ্যা | অনুষদ বিভাগ | প্রকাশিত জার্নাল এর কপি |
| [১.৭] গবেষণা পরিচালনা | [১.৭.১] গবেষণার সংখ্যা | অনুষদ বিভাগ | গবেষণাপত্রের কপি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ